

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৫৫

পরিচ্ছেদঃ কবর যিয়ারতের অনুমতি।

باب مَا جَاءَ فِي الرُّخْصَةِ فِي زِيَارَةِ الْقُبُورِ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ حُرَيْتٍ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنِ ابْنِ جُرَيْجٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي مُلَيْكَةَ، قَالَ تُوفِّي عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي بَكْرٍ بِحُبْشِيّ. قَالَ فَحُمِلَ إِلَى مَكَّةَ فَدُفِنَ فِيهَا فَلَمَّا قَدَمَتْ عَائِشَةُ أَتَتْ قَبْرَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ فَقَالَتْ وَكُنَّا كَنَدْمَانَىْ جَذِيمَةَ حِقْبَةً مِنَ الدَّهْرِ حَتَّى قِيلَ لَنْ يَتَصِدَّعَا فَلَمَّا تَفَرَّقْنَا كَأَنِّي وَمَالِكًا لِطُولِ اجْتِمَاعٍ لَمْ نَبِتْ لَيْلَةً مَعَا ثُمَّ قَالَتْ وَاللَّهِ لَوْ حَضَرْتُكَ مَا دُفِنْتَ إِلاَّ حَيْثُ مُتَ وَلَوْ شَهِدْتُكَ مَا زُرْتُكَ .

বাংলা

১০৫৫. হুসায়ন ইবনুল হুরায়ছ (রহঃ) আবদুল্লাহ ইবনু আবী মুলায়কা (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, আবদুর রহমান ইবনু আবী বাকর রাদিয়াল্লাহু আনহু হাবশায় ইন্তেকাল করেন। পরে তাকে মক্কায় এনে দাফন করা হয়। আয়িশা রাদিয়াল্লাহু আনহা মক্কায় এলে (তাঁর ভ্রাতা) আবদুর রহমান ইবনু আবূ বকরের কবরের নিকট আসেন এবং নিম্নের কবিতাটি পাঠ করেনঃ

كُنَّا كَنَدْمَانَيْ جَنِيمَةَ +حِقْبَةً مِنَ الدَّهْرِ حَتَّى قِيلَ لَنْ يَتَصَدَّعَا

فَلَمَّا تَفَرَّقْنَا كَأَنِّي وَمَالِكًا + لِطُولِ اجْتِمَاعِ لَمْ نَبِتْ لَيْلَةً مَعَا

অর্থাৎ আমরা সুদীর্ঘকাল জাযীমার দুই সভাসদের মত ছিলাম। এমনকি বলা হত, কখনও বিচ্ছিন্ন হবে না এরা দুইজন। কিন্তু যখন আমরা বিচ্ছিন্ন হলাম, আমি ও মালিক সুদীর্ঘকাল একসঙ্গে বসবাস করার পরও মনে হচ্ছে একরাতেও বুঝি আমরা কখনও একসঙ্গে কাটাইনি।

এরপর তিনি বললেন, আল্লাহর কসম, আমি যদি হাযির থাকতাম তবে তুমি যেখানে মারা গিয়েছিলে সেখানেই তোমাকে দাফন করতাম। আর (তোমার মৃত্যুর সময়) তোমার কাছে আমি উপস্থিত থাকলে এখন আর তোমার যিয়ারত করতে আসতাম না। - মিশকাত ১৭১৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৫৫ [আল মাদানী প্রকাশনী]



English

Abdullah bin Abi Mulaikah said:

"Abdur-Rahman bin Abi Bakr died in Al-Hubshi" He said: "He was carried to Makkah to be buried there. So when Aishah arrived she went to the grave of Abdur-Rahman bin Abi Bakr and she said: "We were like two drinking companions of Jadhimah for such a long time that they would say: 'They will never part.' So when we were separated it was as if I and Malik - due to the length of unity - never spent a night together."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবন আবূ মুলায়কা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন